

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০৮(আগরতলা, ১২।০২)

খোয়াই, ১২ ফেব্রুয়ারী, ২০১৮

খোয়াইয়ে ভোট কর্মীদের মহড়া অনুষ্ঠিত

খোয়াই নতুন টাউন হলে গত ৯ ফেব্রুয়ারী ২৪-রামচন্দ্রঘাট(এস টি) বিধানসভা নির্বাচন ক্ষেত্রের ভোট গ্রহণের কাজে নিযুক্ত ভোট গ্রহণ কর্মীদের নিয়ে দ্বিতীয় পর্যায়ে মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় রিটার্নিং অফিসার তথা মহকুমা শাসক ভোট গ্রহণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে ভোট গ্রহণ কর্মীদের হাতে কলমে প্রশিক্ষণ দেন। অনুরূপভাবে ঐদিন খোয়াই পুরাতন টাউন হলে ২৬-আশারামবাড়ি (এস টি) বিধানসভা নির্বাচন ক্ষেত্রের ভোট গ্রহণের কাজে নিযুক্ত ভোট গ্রহণ কর্মীদের নিয়ে দ্বিতীয় পর্যায়ে মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় ২৬-আশারামবাড়ি (এস টি) বিধানসভা নির্বাচন ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা অতিরিক্ত জেলা শাসক উত্তম মন্ডল ভোট গ্রহণ কর্মীদের ভোট গ্রহণের পদ্ধতি নিয়ে হাতে কলমে প্রশিক্ষণ দেন ও ভোট গ্রহণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে সবিস্তারে আলোচনা করেন। মহড়ায় ভিডিও প্রজেক্টরের মাধ্যমে ই ভি এম ও ভি ভি প্যাট প্রদর্শন করা হয়।
